সাপ্তাহিক
ইউরোবাংলা
EUROBANGLA

● লন্ডন ৯ম বর্ষ ● ৪৫তম সংখ্যা ● সোমবার ১১-১৭ শ্রাবণ ১৪১৭ ● ১৪-২০ শাবান ১৪৩০ ● Monday 26 July - 01 August 2010 ● Price 50p

an express
Send money to Bangladesh
Best Exchange Rates with
FREE TRANSACTIONS
when done online
(44).207.426.0113
info@an2money.com
www.an2money.com

মাথা নোয়াল লেবার ঃ লুতফর শর্টলিস্টে
লড়াই হবে ত্রিমুখী

স্টাফ রিপোর্টার ঃ অবশেষে সংখ্যাগরিষ্ঠ কাউন্সিলারদের মতামত আর মাঠপর্যায়ের লেবার কর্মীদের অনুভূতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সাবেক লীড কাউন্সিলার লুৎফুর রহমানকে আগামী অক্টোবর মাসে অনুষ্ঠিতব্য মেয়র নির্বাচনের জন্য প্রার্থী বাছইয়ের সর্ট লিস্ট তালিকায় অন্তর্ভূক্ত করা হলো। উল্লেখ্য এর আগে লেবার দলের পক্ষ থেকে প্রাইমারির জন্য বাছাই করা আগের তালিকা লুতফুর রহমানের আইনি চ্যালেঞ্জের কারণে বাতিল করা হয়। তবে দ্বিতীয়বার তৈরী করা সর্ট লিস্টে নতুন আরো অনেক কাউন্সিলারের নাম যোগ করা হলেও এবারও বাদ পড়ে যান লুতফর রহমান। এনিয়ে ব্যপক সমালোচনায় পড়ে লেবার দল। এমনকি লেবার নেতৃত্বের বিরুদ্ধে রেস কার্ড প্লে করার অভিযোগ করা হয়, লুৎফর রহমান লেবার কেন্দ্রীয় কমিটিতে অফিসিয়েলী অভিযোগ দায়ের করেন। মাঠের উস্মা আর আইনী লড়াইয়ের গন্ধ পেয়ে পেয়ে অবশেষে লুতফর রহমানকে লেবার শর্টলিস্টে তালিকাভূক্ত করা হয়।

তবে কে দলীয় প্রার্থী হিসাবে মনোনয়ন পাবেন তা নির্ধারিত হবে আগামী সপ্তাহ স্থানীয় লেবার সদস্যদের ভোটে। লড়াই ত্রিমুখি হবে বলে মনে করছেন লেবার পার্টির সদস্যরা। জন বিগ্‌স, লিড কাউন্সিলার আব্বাস এবং লুৎফর রহমানের যে কেউ চলে আসতে পারেন মনোনয়ন নিয়ে। তবে ৩ জনের শর্টলিস্ট এখন ৬ জনের লং লিস্টে পরিণত হওয়ায় কারোরই প্রথম ধাপে পার হওয়ার সম্ভাবনা নেই। উল্লেখ্য, লেবার সদস্যরা ব্যালট কাগজে ফার্স্ট চয়েস, সেকেন্ড চয়েস ও থার্ড চয়েস এর নাম দিতে পারবেন। প্রথম চয়েস থেকে কেউ শতকরা ৫০ ভাগের বেশী ভোট না পেলে, সেকেন্ড চয়েস থেকে গণনা করে যোগ করে দেখা হবে কার পক্ষে ভোট বেশী। শর্ত হচ্ছে, মনোনীত হতে হলে শতকরা ৫০ ভাগের সমর্থন পেতে হবে। জানা গেছে, টাওয়ার হ্যামলেট্‌স এ ১৪০০ এর মত লেবার সদস্য থাকলেও ভোট প্রদানের সুযোগ পাবেন ১২০০ শ'র মত। এর মধ্যে বাংলাদেশী বংশদ্ভুত সদস্যদের সংখ্যা হবে ৭-৮ শ'র মধ্যে। বাঙ্গালী লেবার ভোটারদের মধ্যে লুৎফর রহমান এর সমর্থন বেশী হলেও ফার্স্ট ও সেকেন্ড চয়েস মিলিয়ে জন বিগ্‌স এর ভালো বলে মনে করা পৃষ্ঠা ৩৪

স্টুডেন্ট ভিসায় আরো কড়াকড়ি

- ইংরেজি পরীক্ষা বাধ্যতামুলক
- ভিসা বাড়াতে দেশে ফিরতে হবে

স্টাফ রিপোর্টারঃ বাংলাদেশী স্টুডেন্টদের যুক্তরাজ্যে পড়তে আসার জন্য আরোপ করা সাময়িক স্থগিতাদেশ তুলে নিয়েছে হোম অফিস। গত ২২ জুলাই উকেবিএ'র এক প্রজ্ঞাপনের মাধ্যমে এই নিষেধাজ্ঞা তুলে নেয়া হয়। তবে সাময়িকভাবে কেবল মাস্টার্স ডিগ্রি, ডিগ্রি, এবং ফাউন্ডেশন ডিগ্রি পড়তে যারা আসবেন তাদের সুযোগ দেয়া হচ্ছে। শিশু শিক্ষার্থীদের ক্ষেত্রেও কোন নিষেধাজ্ঞা থাকছেনা।

আগামী ১২ আগস্ট থেকে বাকী বিষয়গুলোর ওপর থেকে নিষেধাজ্ঞা তোলা হবে। তবে ইউকেবিএ ইংরেজী ভাষার ওপর নিষেধাজ্ঞা বহাল রাখার সিদ্ধান্ত থেকে আপাততঃ সরছেনা। নিষেধাজ্ঞা তুলে নেয়া হলেও অনেকগুলো নতুন এবং কঠোর নিয়ম আরোপ পৃষ্ঠা ৩৫

খোঁজ নেই শিবির নেতা মুর্তজার গুম-হত্যার আশঙ্কা বাবা-মায়ের

ঢাকাঃ ওয়ার্ড কমিশনার চৌধুরী আলমের পর এবার ১২ দিন ধরে নিখোঁজ শিবির নেতা গোলাম মুর্তজা (৩০)। দু'জনের নিখোঁজ হওয়ার ধরন প্রায় একই। চৌধুরী আলমকে পুলিশ পৃষ্ঠা ৩৪

কুৎসিত চেহারার মহিলারাই বোরকা পরে

-ডেপুটি স্পিকার শওকত আলী

ঢাকাঃ 'ছেলে বেলায় বোরকা পড়া মহিলা কম দেখেছি। এখন বেশী দেখি। মেয়েদের আরো ফ্রী চলাফেরা করা উচিৎ। তারা কেন নিজেদের ঢেকে রাখবে? গ্রামে গঞ্জে এদের বিচরন বেড়ে গেছে। যাদের চেহারা কুৎসিত তারাই ধর্মের নামাবলী গায়ে দিয়ে তাদের কুৎসিত চেহারা ঢেকে রাখতে চায়।' -অমৃত এই বাণীদাতা হচ্ছেন বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার পৃষ্ঠা ৩৪

জৈন্তায় ভারতের জমি দখল অব্যাহত

সিলেটঃ সিলেটের জৈন্তাপুর সীমান্তে বিডিআরের বাধা উপেক্ষা করে নতুন নতুন এলাকা দখল ও চাষাবাদ অব্যাহত রেখেছে ভারতীয় নাগরিকরা। গত শনিবারও বিএস-এফ-এর সহযোগিতায় সীমান্তের ১২৭৯ ওয়ান এস পিলার সংলগ্ন আলুবাগান এলাকায় জমি দখল করে পাওয়ারটিলার দিয়ে চাষাবাদ শুরু করে ভারতীয়রা। এ সময় বিডিআর তাদের বাংলাদেশ ভূখন্ড ছেড়ে দিতে বললে পাত্তাই দেয়নি দখলদাররা। বিডিআরের পতাকা বৈঠকের আহ্বানেও সাড়া দেয়নি বিএসএফ। বাধা উপেক্ষা করে ভারতীয় নাগরিকরা চাষাবাদ অব্যাহত রাখায় জৈন্তাপুর

সীমান্তজুড়ে বাংলাদেশী নাগরিকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। এদিকে, গত ১২ জুলাই বিএসএফের সহায়তায় ভারতীয় নাগরিকরা দিনদুপুরে বাংলাদেশী কৃষকদের ১৪টি গরু নিয়ে গেলেও গত শনিবার পর্যন্ত তা ফেরত দেয়নি। ফলে জীবন পৃষ্ঠা ৩৪

বাজারে এলো হালাল প্রসাধনী

স্টাফ রিপোর্টারঃ বৃটেনের মুসলমান এক নারী ব্যবসায়ী প্রথমবারের মতো অ্যালকোহল ও প্রাণিজ উপাদানমুক্ত হালাল প্রসাধন সামগ্রী বাজারে এনেছেন। অনেক উঁচু মানের প্রসাধন সামগ্রীতে ব্যবহৃত উপাদানকে প্রশ্নবিদ্ধ করে সামি-না আক্তার এবার বার্মিংহামের নিজ বাসায় 'সামিনা পিওর মেক-আপ' নামে এই প্রসাধন সামগ্রীর উৎপাদন শুরু করেছেন। ইসলাম ধর্মে পৃষ্ঠা ৩৪

ওয়ার্ক পারমিটে আসলে প্রাইভেট ডাক্তার দেখাতে হবে

স্টাফরিপোর্টার ঃ সরকারের ব্যয় সংকোচন নীতির সর্বশেষ বলি হলো বিদেশী শ্রমিকরা। এখন থেকে ওয়ার্ক পারমিটে যারা যুক্তরাজ্যে কাজ করতে আসবেন তাদেরকে অথবা তাদের নিয়োগদাতাদের প্রাইভেট হেলথ ইন্সুরেন্স নিতে হবে। এনএইচস-এর ফ্রি চিকিৎসার দিন শেষ।

সরকার ইউরোপীয়ান ইউনিয়নের বাইরে থেকে আসা শ্রমিকদের সংখ্যা নির্ধারণ করে দেওয়ার পর এনএইচএস'র ওপর থেকে চাপ কমাতে এই নতুন সিদ্ধান্তের ঘোষণা দিলো।

মাইগ্রেশন ওয়াচ কমিটির প্রকাশ করা এক তালিকা থেকে দেখা যায় প্রায় ৬ লাখ ইমিগ্রেন্ট গত বছরএনএইচএস'র তালিকাভূক্ত হয়েছে। পৃষ্ঠা ৩৪

বোরকা নিষিদ্ধের আহ্বানকারী এমপি'র বিরুদ্ধে আইনি ব্যবস্থা

স্টাফ রিপোর্টারঃ বোরকা নিষিদ্ধ করার আহ্বান করায় একজন টোরি এমপি'র বিরুদ্ধে আইনিব্যবস্থা নেওয়া হতে পারে বলে হুশিয়ারী উচ্চারণ করেছে এক মানবাধিকার সংস্থা। তার আগের ঘোষণা অনুযায়ী তার নির্বাচনী এলাকায় বোরকা পড়তে না দেওয়ার সিদ্ধান্ত যদি পৃষ্ঠা ৩৪

দেশে মুক্ত সাংবাদিকতা হুমকির সম্মুখীন ঃ শওকত মাহমুদ

স্টাফ রিপোর্টারঃ যুক্তরাজ্য সফররত জাতীয় প্রেসক্লাবের সভাপতি শওকত মাহমুদ বলেছেন, বাংলাদেশে মুক্ত সাংবাদিকতা এখন বড় পৃষ্ঠা ৩৪

Media Mohol Ltd
an independent news network
& marketing solutions provider
020 7650 00 00
our flagship publications

muslim INDEX
The first Directory for the Muslim World
www.muslimindex.net

ukAsian Restaurant Directory
Britain`s first Asian Restaurant Directory
www.ukard.com

ukbangla DIRECTORY
Britain`s first one stop guide to Bangladeshi businesses
www.ukbangladirectory.net

সময় প্রতিদিন প্রতিক্ষণ
shomoy24.com